

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

বিষয় : 'সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা' ২০২২-২০২৩ অর্থবছর এ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) সভার কার্যবিবরণী।


সভাপতি: জনাব মু. নুরুজ্জামান শরীফ এনডিসি
পরিচালক (প্রশাসন ও অর্থ)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সম্মেলন কক্ষ।
তারিখ : ২২-১২-২০২২ খ্রিঃ।
সময় : দুপুর ০২.০০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্যে সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (Agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সভাপতি আরো বলেন, সেবাগ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিশ্রুতি সেবাসমূহকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে: (ক) নাগরিক সেবা; (খ) প্রাতিষ্ঠানিক সেবা; এবং (গ) অভ্যন্তরীণ সেবা। অতঃপর সভাপতি, কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্য বিষয় সম্পর্কে বলার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার কার্যক্রম [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ' এর নির্দেশনা রয়েছে। এছাড়াও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন্স চার্টার এর আলোকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সিটিজেন্স চার্টার হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে।

সভাপতি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদ্যমান সিটিজেন্স চার্টার হালনাগাদকরণে নিমিত্ত কমিটির সম্মানিত সদস্যগণের মতামত জানতে চান। উপস্থিত কমিটির সদস্যগণ ভিন্ন ভিন্ন মতামত প্রদান করেন। অতঃপর সভাপতি সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের বিদ্যমান সিটিজেন্স চার্টার অনুসরণপূর্বক সেবা অধিকতর সহজিকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন। কমিটির সম্মানিত সদস্যগণকে তাদের মতামত ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কমিটির আহ্বায়ক বরাবর দাখিল করার জন্য অনুরোধ করেন এবং প্রাপ্ত মতামতের ভিত্তিতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সিটিজেন্স চার্টারটি হালনাগাদ করে পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশ প্রদান করেন।



৩

বিভারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়;

- ১। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিদ্যমান সিটিজেন্স চার্টারটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যমান সিটিজেন্স চার্টার এর আলোকে হালনাগাদ করার জন্য কমিটির সদস্যগণ তাদের মতামত ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে আহ্বায়ক বরাবর দাখিল করবেন;
- ২। কমিটির সদস্যগণের নিকট থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে সিটিজেন্স চার্টার হালনাগাদ করতে হবে;
- ৩। পরবর্তীতে সভা করে খসড়া হালনাগাদকৃত সিটিজেন্স চার্টারটি চূড়ান্ত করতে হবে;
- ৪। চূড়ান্ত হালনাগাদকৃত সিটিজেন্স চার্টারটি দৃশ্যমান স্থানে প্রদর্শন ও ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি স্তায় সমাপ্তি ঘোষণা করেন।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ০২-৮৮৩৫১৫৫

স্মারকসংখ্যা: ৩৮.০০.০০০০.৩০১.১৬.৬৫৫.১৯-২০১৪

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, উশিবু, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন/প্রশাসন ও প্রশিক্ষণ), উশিবু, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (সকল), উশিবু, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, জেউশিবু (সকল), জেলা.....
- ৬। লাইব্রেরিয়ান/স্টোর কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, উশিবু, ঢাকা।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা, উশিবু, ঢাকা।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, উশিবু, ঢাকা---(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।

(ড. মোছা: ফাহিমদা বেগম)

উপপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

ফোন: ০২-২২২২৬৩০৭৮